# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের দুই রাকাত সালাত আদায় করার পর ডান পার্শ্বের উপর শয়ন করা মুস্তাহাব

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الِاضْطِجَاعُ عَلَى الْأَيْمَنِ مِنْ شِقِّهِ بَعْدَ رَكْعَتَيِ الْفَجْرِ

আরবী

2458 ـ أخبرنا محمد بن عبد اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ قَالَ: قَالَ مُحَمَّدٌ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَكَتَ الْمُؤَذِّنُ بالأوّلِ مِنْ صَلَاةِ الْفَجْرِ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ بَعْدَ أَنْ يَتَبَيَّنَ لَهُ الْفَجْرُ ثُمَّ اضْطَجَعَ عَلَى شِقِّهِ الْأَيْمَنِ حَتَّى يَأْتِيَهُ الْمُؤَذِّنُ للإقامة.

الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2458 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1207): ق.

বাংলা

২৪৫৮. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “মুয়াযি্যন যখন ফজরের সালাতের আগে আযান দিয়ে নিশ্চুপ হতেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে ফজরের আগে সুবহে সাদিকের পরে সংক্ষেপে দুই রাকা‘আত সালাত আদায় করতেন, তারপর তিনি ডান পার্শ্বের উপর শয়ন করতেন, যতক্ষন না মুয়াযি্যন ইকামত দেওয়ার জন্য তাঁর কাছে আসতো।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১১৬০; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২০; দারেমী: ১/৩৩৭; সহীহ মুসলিম: ৭৩৬; নাসাঈ: ৩/২৫২-২৫৩; আবূ দাউদ: ১৩৩৫; তিরমিযী: ৪৪০; বাগাবী: ৮৮৫; সুনান বাইহাকী: ৩/৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন